

ভূগোল

আজকের বিষয়

পরিবর্তনশীল পৃথিবী : আবহবাহিকা ও ক্ষয়ীভবন

(দ্বিতীয় ভাগ)

১) পৃথিবীর পাত ও প্লেট চলনে সহায়ককারী বাহ্যিক বলের উদাহরণ দাও?

✓ ভূমিকম্প ও সঞ্চয়, নদী, বায়ুপ্রবাহ, সমুদ্রস্রোত ও হিমবাহ।

২) কোন দুইটি বাহ্যিক বলের প্রভাবে ভূপৃষ্ঠের উপর আকস্মিক ধ্বংসাত্মক প্রতিক্রিয়া হয়?

✓ ভূমিকম্প ও আগ্নেয়গিরি

৩) ভূমিকম্পের কেন্দ্র কোন অংশকে ধরে নেওয়া হয়?

✓ ভূত্বকের যে অংশ থেকে কম্পন সৃষ্টি হয় তাকে ভূমিকম্পের কেন্দ্র ধরা হয়।

৪) কোন স্থানকে ভূমিকম্পের উপকেন্দ্র (Epicentre) বলা হয়?

✓ ভূমিকম্পের কেন্দ্র থেকে ঠিক সোজাসুজি (লম্বভাবে) উপর দিকে ভূপৃষ্ঠের উপরের স্থানকে ভূমিকম্পের উপকেন্দ্র (Epicentre) বলা হয়। এই উপকেন্দ্র থেকেই তরঙ্গের মাধ্যমে ভূমিকম্পের প্রভাব ছড়িয়ে পড়ে।

৫) ভূমিকম্পের ফলে কোন অঞ্চলে সবচেয়ে বেশি ধবংসের প্রবনতা রয়েছে?

✓ যে সব অঞ্চল ভূমিকম্পের উপকেন্দ্রের (Epicentre) কাছাকাছি অবস্থিত সে সব অঞ্চলে ধবংসের প্রভাব বেশি।

৬) ভূমিকম্পের তরঙ্গ কয় রকমের হয়?

✓ তিন রকমের যথা ক) প্রাথমিক তরঙ্গ (**Primary Waves**) বা P তরঙ্গ, খ) গৌণ তরঙ্গ (**Secondary Waves**) বা S তরঙ্গ, এবং পৃষ্ঠ তরঙ্গ (**Long or Surface Waves**) ।

৭) ভূমিকম্প পরিমাপক যন্ত্র এর নাম কি?

✓ সিসমোগ্রাফ (**Seismograph**)

৮) কোন যন্ত্র এর মাধ্যমে ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা যায়?

✓ রিখটার স্কেল (**Richter Scale**) অথবা মার্কলি স্কেল

৯) কিসের ক্ষয়কার্যের ফলে V আকৃতির উপত্যকা সৃষ্টি হয়?

✓ নদীর ক্ষয়কার্যের ফলে

১০) জলপ্রপাত কিভাবে তৈরি হয়?

✓ যখন নদীস্রোত কঠিন শিলার উপর থেকে খাড়া ঢাল বেয়ে নীচে নেমে আসে তখন জলপ্রপাতের সৃষ্টি হয়

১১) নদীর গতিপথ কোথায় মিয়েন্ডার (Meanders) সৃষ্টি হয়?

✓ নদীর সমতল অঞ্চলে যেখানে তার গতিবেগ কম হয় এবং সামান্য বাধাতেই নদী একে বেকে যায়। নদীর এই গতিপথকে মিয়েন্ডার (Meanders) বলা হয়।

১২) অশ্বক্ষুরাকৃতি হ্রদ কিভাবে সৃষ্টি হয়?

✓ নদীর গতিপথ ক্রমাগত ক্ষয় ও সঞ্চয়ের ফলে নদীর বাঁকের অংশটি প্রধান নদী থেকে আলাদা হয়ে যায় এবং

নদী সোজা পথে প্রবাহিত হয়। আর পরিত্যক্ত বাঁকটি তখন হ্রদ বা বিলে পরিনত হয় এই হ্রদকে অশ্বক্ষুরাকৃতি হ্রদ (**Horse Shoe Lake বা Ox-bow Lake**) বলা হয়।

১৩) উর্বর প্লাবনভূমি (**Flood Plain**) কিভাবে সৃষ্টি হয়?

✓ বর্ষার সময় নদীর জল বেড়ে গেলে পলি নদীর উভয় তীরে সঞ্চিত হয়ে উর্বর প্লাবনভূমি (**Flood Plain**) তৈরি করে।

১৪) স্বাভাবিক বাঁধ (**Natural Levee**) কি ভাবে সৃষ্টি হয়?

✓ বর্ষার প্লাবনের জল যখন নদীতে ফিরে আসে তখন বিভিন্ন স্থল পদার্থ ও নুড়ি পাথর ক্রমাগত নদীর তীরে জমতে জমতে উঁচু হয়ে বাঁধের আকার ধারণ করে একে স্বাভাবিক বাঁধ (**Natural Levee**) বলা হয়।

১৫) নদীর কোথায় ব – দ্বীপ সৃষ্টি হয়?

✓ মোহনা অঞ্চলে

১৬) হিমবাহের ক্ষয়কার্যের ফলে কি আকৃতির উপত্যকা সৃষ্টি হয়?

✓ ‘U ‘ আকৃতির উপত্যকা

১৭) হিমবাহের ক্ষয়কার্যের ফলে সৃষ্ট একটি ভূমিরূপের উদাহরন দাও?

✓ গ্রাবরেখা (**Moraine**)

১৮) গ্রাবরেখা কি ভাবে তৈরি হয়?

✓ হিমবাহের ক্ষয়কার্যের ফলে ছোটো বড়ো পাথরের টুকরো, বালি, নুড়ি, কাকর হিমবাহের পাশে অথবা নিচে জমা হতে থাকে এই জমা পদার্থগুলো কে গ্রাবরেখা ও **Moraine** বলা হয়।

১৯) বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট ভূমিরূপের কয়েকটি উদাহরন দাও?

✓ গৌর বা মাশরুম রক, ভেন্টিফ্যাক্ট, ড্রেইকান্টার, জুইগেন, ইয়াদাং ও ইনসেলবার্জ

২০) মরু অঞ্চলের বায়ুপ্রবাহ যখন শিলাখন্ডের উপরের অংশ চাইতে নিচের অংশ সবচেয়ে বেশি ক্ষয়সাধন করে তখন কি রকম শিলাখন্ডের সৃষ্টি হয়?

✓ গৌর বা মাশরুম রক (এরকম শিলা ব্যাঙের ছাতার মত দেখায় একে মাশরুম রক বলা হয়)

সমাপ্ত

ধন্যবাদ

